যুগান্তর

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

শিক্ষাভবন ঘেরাও কর্মসূচি পালন করেছেন শিক্ষকরা

১০ জানুয়ারি থেকে ধর্মঘট

যুগান্তর রিপোর্ট

চাকরি জাতীয়করণের একদফা দাবিতে সোমবার শিক্ষাভবন ঘেরাও কর্মসূচি পালন করেছেন শিক্ষকরা। শিক্ষক কর্মচারী ঐক্যজোটের আহ্বানে ওই কর্মসূচিটি পালিত হয়। তবে পুলিশি বাধার মুখে শিক্ষকরা শিক্ষাভবন পর্যন্ত যেতে পারেননি। শেষ পর্যন্ত প্রেস ক্লাবের সামনে মানববন্ধন আর বিক্ষোভের মধ্য দিয়ে কর্মসূচি শেষ করা হয়। সমাবেশ থেকে আবারও জানানো হয় ৩১ ডিসেম্বরের মধ্যে একদফা দাবি আদায় না হলে ১০ জানুয়ারি থেকে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে অবিরাম ধর্মঘট চলবে।

ঘেরাও-পূর্ব সমাবেশ ও মানববন্ধনে জেলাটের চেয়ারম্যান অধ্যক্ষ মোঃ সেলিম ভূঁইয়া সভাপতিত্ব করেন। এতে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মাওলানা মোঃ দেলোয়ার হোসেন, এমএ হুফা চৌধুরী, মোঃ জাকির হোসেন, বাবু অজিত কুমার সরকার, অধ্যাপক নজরুল ইসলাম, অধ্যাপক তফাজ্জল হোসেন বাদল, অধ্যাপক রোকেয়া চৌধুরী, শাহজাহান হোসেন, মোল্লা নজরুল ইসলাম, অধ্যাপক জাকারিয়া শরীফ, অধ্যাপক আবদুল হাকিম, অধ্যাপক আসাদুজ্জামান আকাশ, অধ্যাপক আবদুল মফিজ, অধ্যাপক আবদুল গনি প্রমুখ।

অধ্যক্ষ মোঃ সেলিম ভূঁইয়া বলেন, শিক্ষা অধিদফতর দুর্নীতির আখড়া। সেখানে ঘুষ, দুর্নীতির সিন্ডিকেটের সঙ্গে জড়িত ব্যক্তিদের শিক্ষা মন্ত্রণালয়ে এক শ্রেণীর অসাধু কর্মকর্তার সঙ্গে যোগাযোগ রয়েছে। দুর্নীতিতে চ্যাম্পিয়ন ব্যক্তিরা শিক্ষা অধিদফতরের শীর্ষ পদে বসে আছেন। শিক্ষক হয়রানি অতীতের সব রেকর্ড অতিক্রম করেছে। বেসরকারি শিক্ষকরা আজ অসহায়। তিনি বলেন, অবসর সুবিধা বোর্ডের সদস্য সচিব পদে একজন শিক্ষক নামধারী ঘুষখোর ব্যক্তিকে বসানো হয়েছে। তার বিরুদ্ধে সরকারের একজন সংসদ সদস্য দুর্নীতির মামলা করেছেন। তিনি বলেন, একশ' টাকা বাড়ি ভাড়া পাওয়া শিক্ষকদের প্রাইভেট পড়ানো বন্ধ করার সরকারি সিদ্ধান্ত অমানবিক। এ সিদ্ধান্ত প্রত্যাহার করতে হবে। সরকারের এ সিদ্ধান্তে কোচিং ব্যবসায়ীরা লাভবান হচ্ছে। তিনি বলেন, স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্ত করতে হবে।